

যুগান্তর ২১.০৩.১৭

২৫ মার্চ 'গণহত্যা দিবস' মন্ত্রিসভায় অনুমোদন

প্রস্তাব গেছে জাতিসংঘেও
যুগান্তর রিপোর্ট

একাত্তরের ২৫ মার্চ পাকিস্তানি হানাদার বাহিনীর বর্বর হত্যাযজ্ঞের দিনটিকে 'গণহত্যা দিবস' ঘোষণার আনুষ্ঠানিক সিদ্ধান্ত নিয়েছে সরকার। এ লক্ষ্যে দিনটি পালনের প্রস্তাবে অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে সর্বসম্মতভাবে এ অনুমোদন দেয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকদের এ তথ্য জানান। তিনি বলেন, 'দিবসটি আন্তর্জাতিকভাবে পালনের বিষয়েও পররাষ্ট্র মন্ত্রণালয় প্রক্রিয়া শুরু করেছে। জাতিসংঘে এ সংক্রান্ত একটি সংস্থা আছে। তাদের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে।' তিনি আরও বলেন, এছাড়াও এদিন 'প্রবাসী কল্যাণ বোর্ড আইন-২০১৭ সহ

■ পৃষ্ঠা ১৪ : কলাম ৬